# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা//২০২১/ ১৪৮৫৯

তারিখ: ০৮ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
২৩ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি তাফসির বিভাগে প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে তারাগঞ্জ ওয়াক্ফ এস্টেট কামিল মাদরাসা, তারাগঞ্জ, রংপুর {TARAGONJ WAQF WSTATE KAMIL MADRASAH, EIIN-127971, CODE-14467} এর অধ্যক্ষের ১৭.১২.২০২৪ খ্রি. তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি-২০২৩, অনুচ্ছেদ-১৩ এর 'গ' অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে তৃতীয় সংবিধি-২০২৩, অনুচ্ছেদ-১৩ এর 'ঙ' মোতাবেক নিম্নোক্ত শর্তে ২৩.০৭.২০২৫ খ্রি. থেকে ২২.০৭.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি তাফসির বিভাগে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো-

শর্তসমূহ:

১. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি তাফসির বিভাগে ভর্তি কার্যক্রম চালু হবে;
২. সকল শ্রেণিতে শিক্ষার্থী ও শ্রেণী কক্ষের সংখ্যা বৃদ্ধি করতে হবে;
৩. কামিল স্তরে এমপিওভুক্ত হওয়া পর্যন্ত মাদরাসর নিজস্ব খরচে কামিল (স্নাতকোত্তর) তাফসির বিভাগ প্রাথমিক পাঠদানের জন্য ২ (দুই) জন অভিজ্ঞ মুফাসির নিয়োগ করে মাদরাসা পরিদর্শক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়কে অবগত করতে হবে;
৪. লাইব্রেরিতে বই পড়ার মনোরম পরিবেশ প্রস্তুতপূর্বক বিষয় ভিত্তিক রেফারেন্স বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং ছাত্র-ছাত্রীদের লাইব্রেরি ব্যবহারে উদ্বুদ্ধ করতে হবে;
৫. মাদরাসার আয়-ব্যয় হিসাব যথাযথভাবে কলামনার ক্যাশ বইয়ে লিপিবদ্ধ করতে হবে;
৬. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আইন, বিধি ও সংবিধি মেনে আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করতে হবে;
৭. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২৩/৭/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও
মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
E-mail: iauregistr@gmail.com

অধ্যক্ষ
তারাগঞ্জ ওয়াক্ফ এস্টেট কামিল মাদরাসা
তারাগঞ্জ, রংপুর।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা//২০২১/ ১৪৮৫৯(৭)

তারিখ: ০৮ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
২৩ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিলে রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. প্রোগ্রামার, আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, তারাগঞ্জ ওয়াক্ফ এস্টেট কামিল মাদরাসা, তারাগঞ্জ, রংপুর।
৭. অফিস নথি।

২৩/০৭/২০২৫

(মোঃ জাহান উদ্দিন)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা